

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-যুক্তীম/যুক্ত/অনুঃ-১৮/২০১৩-০৫

১৮-১১-১৪২২বঃ  
তারিখ :-----।  
০১-০৩-২০১৬খ্রিঃ

**বিষয় :** যুব কল্যাণ তহবিল থেকে প্রদত্ত অনুদানের অর্থ ব্যয়ের ভাউচারাদি প্রেরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিল থেকে ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনসমূহকে প্রদত্ত অনুদানের অর্থ ব্যয়ের ভাউচারাদি অনুদান ব্যবহারের নির্দেশিকা মোতাবেক প্রেরণের নির্দেশনা থাকলেও বিভিন্ন জেলা থেকে অদ্যাবধি কোন ভাউচার পাওয়া যায়নি। এছাড়া ২০১৩-২০১৪ অর্থবছরে জেলাভিত্তিক চেক বিতরণ অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য প্রদত্ত অর্থের সমন্বয় ভাউচারও বিভিন্ন জেলা থেকে পাওয়া যায়নি। উল্লেখ্য, উক্ত ভাউচার নিরীক্ষাকালীন সময়ে উপস্থাপন করতে হয়।

২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) সংযুক্ত ছক মোতাবেক ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠন কর্তৃক অনুদানের অর্থ ব্যয়ের ভাউচারাদি প্রতিস্বাক্ষরপূর্বক যেসব জেলা কার্যালয় প্রেরণ করেননি, তাদেরকে অর্থবছর অনুযায়ী আগামী ৩১/০৩/২০১৬ তারিখের মধ্যে উপসচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ডাকযোগে পৌঁছানো ;

(খ) ২০১৩-২০১৪ অর্থবছরে জেলাভিত্তিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য প্রদত্ত অর্থের সমন্বয় ভাউচার যেসব জেলা কার্যালয় প্রেরণ করেননি, তাদেরকেও পৃথক ফরোওয়ার্ডিং-এর মাধ্যমে ইতঃপূর্বকার নির্দেশনা অনুযায়ী প্রতিস্বাক্ষরপূর্বক ভাউচারাদি পৌঁছানো।

৩। বিষয়টি অতীব জরুরী।

  
( হোসনা আফরোজ )  
সিনিয়র সহকারী সচিব(যুব-১)  
ফোনঃ ৯৫৭৫৫০৯

উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
জেলা কার্যালয় (সকল)

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা
- ২। উপসচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।

“ছক”

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিল হতে ..... অর্থবছরে  
যুব সংগঠনসমূহকে প্রদত্ত অনুদানের অর্থ ব্যয় সম্পর্কিত প্রতিবেদন

জেলা :.....

| তালিকার<br>ক্রমিক<br>নং | অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের নাম ও<br>ঠিকানা | অর্থ বছর | অনুদানের<br>পরিমাণ | যে প্রকল্পের বিপরীতে<br>অনুদান দেয়া হয়েছে<br>তার নাম | নির্ধারিত প্রকল্পে অনুদানের অর্থ<br>কি কি খাতে ব্যয় করা হয়েছে<br>উহার বিস্তারিত তথ্য<br>(সংযুক্ত ভাউচার অনুযায়ী) | যদি নির্ধারিত প্রকল্পে<br>অনুদানের অর্থ যথাযথভাবে<br>ব্যয় না হয়ে থাকে, তাহলে<br>তার কারণ | যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট<br>জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত<br>কর্মকর্তার মতামত/মন্তব্য |
|-------------------------|---|----------|--------------------|--|---|--|--|
| ১                       | ২   | ৩        | ৪                  | ৫  | ৬   | ৭  | ৮  |
|                         |   |          |                    |  |   |  |  |

জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর  
( সীলমোহর )